



স্মারক নং- ১২.০৬.০০০০.২০৩.২৭.২৮৩.১৯--৭২৫

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬
০২ সেপ্টেম্বর ২০১৯

অফিস আদেশ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের ২০১৮-১৯ অর্থ বছরে যশোর বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে সদর দপ্তর হতে প্রাপ্ত কর্মসূচি বহির্ভূত অতিরিক্ত ১২৯.২২০ মে: টন SL-8H হাইব্রীড বোরো ধানবীজের মধ্যে ৭৫.০৭৫ মে: টন গোকুলনগর খামার, ৩২.১১০ মে: টন পাখিলা খামার এবং ২২.০৩৫ মে: টন করিঞ্চা খামার থেকে কর্তৃপক্ষের কোনরূপ অনুমোদন না নিয়ে এবং চালান ব্যতিরেকে সংরক্ষণ করা হয়েছে। জনাব মোঃ আমিন উল্যা, উপপরিচালক (বীপ্রক), বিএডিসি, যশোর (২) জনাব তপন কুমার সাহা, উপপরিচালক, গোকুলনগর বীজ উৎপাদন খামার, ঝিনাইদহ (৩) জনাব মোঃ আক্তাবুজ্জামান তালুকদার, উপপরিচালক, পাখিলা বীজ উৎপাদন খামার, ঝিনাইদহ ও (৪) জনাব ইন্দ্রজিত শীল, উপপরিচালক, করিঞ্চা বীজ উৎপাদন খামার, ঝিনাইদহ এর পারস্পরিক যোগসাজসে উল্লিখিত পরিমাণ ধানবীজ আত্মসাতের ঘটনা সংঘটিত হয়েছে (কপি সংযুক্ত)।

উক্ত গুরুতর অনিয়মের বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন ও সুপারিশ দাখিলের জন্য নিম্নরূপ ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হলোঃ

ক্র.সং.	নাম	পদ
০১.	জনাব মোমিনুর রশিদ আমিন, সদস্য পরিচালক (অর্থ), বিএডিসি, ঢাকা	আহ্বায়ক
০২.	জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা।	সদস্য
০৩.	জনাব রাজীব হোসেন, উপপরিচালক (সংস্থাপন), বিএডিসি, ঢাকা	সদস্য

০২. তদন্ত কমিটির কার্যপরিধি:

(ক) বর্ণিত অনিয়ম সংঘটনের কারণ উৎঘাটন; (খ) অনিয়মের সাথে জড়িত/দায়ী কর্মকর্তা/কর্মচারীদের চিহ্নিতকরণ; (গ) অনিয়মের সাথে জড়িত/দায়ী কর্মকর্তা/কর্মচারীদের দায়-দায়িত্ব নির্ধারণকরণ; (ঘ) বর্ণিত অনিয়মের সাথে সংস্থার সার্বিক আর্থিক সংশ্লেষণ নিরূপন; (ঙ) ভবিষ্যতে এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি রোধকল্পে সুপারিশ প্রদান; (চ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়।

০৩. তদন্ত কমিটি আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে চেয়ারম্যান, বিএডিসি বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করবেন।

০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আব্দুল লতিফ মোল্লা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

অনুলিপিঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. জনাব মোমিনুর রশিদ আমিন, সদস্য পরিচালক (অর্থ), বিএডিসি, ঢাকা ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।

(এতদসঙ্গে অভিযোগের কপি সংযুক্ত করা হলো)

২. জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(এতদসঙ্গে অভিযোগের কপি সংযুক্ত করা হলো)

৩. জনাব রাজীব হোসেন, উপপরিচালক (সংস্থাপন), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(এতদসঙ্গে অভিযোগের কপি সংযুক্ত করা হলো)

অনুলিপিঃ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।

২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/খামার), বিএডিসি, ঢাকা।

৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৫. অফিস কপি মোহর হাইল।